গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

নং- ৪৯.০৪.০০০০.০১০.০০.৮৫৪২.১৫(০৫).৬৮

তারিখ : ০৪/০১/২০১৬খ্রিঃ।

বিজ্ঞপ্তি

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি/সমমান, ৯ম শ্রেণি/সমমান এবং পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/ ১ম সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক ছাত্র/ছাত্রীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

(১) আবেদনকারীকে ২০১৫ সালে পিএসসি/জেএসসি/এইচএসসি অথবা সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি/সমমান অথবা ৯ম শ্রেণি/সমমান অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত হতে হবে। তবে যে সব কর্মী প্রবাসে মৃত্যুবরণ করেছেন তাদের সন্তানগণ জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবেন।

(২) বিদেশে বৈধভাবে গমনকারী/বৈধভাবে কর্মরত কর্মীর সন্তানগণ (প্রত্যাগত কর্মী ও মৃতকর্মীসহ) শিক্ষা বৃত্তির জন্য আবেদন করতে পারবে।

(৩) আর্থিকভাবে অস্বচ্ছল প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

(৪) i) পিএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত ৩ বছর মাসিক ৭০০/-(সাতশত)টাকা হারে; জেএসসি/সমমান ক্যাটাগরিতে মনোনীত শিক্ষার্থীদের ৯ম-১০ম শ্রেণি পর্যন্ত ২ বছর মাসিক ১০০০/-(এক হাজার) টাকা হারে এবং এইচএসসি/সমমান ক্যাটাগরিতে মনোনীত শিক্ষার্থীদের স্নাতক/ সম্মান শ্রেণি পর্যন্ত ৪ বছর (প্রযোজ্য ক্ষেত্রে ৫ বছর) মাসিক ২০০০/-(দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।

ii) উক্ত বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ হিসাবে পিএসসি/সমমানের ক্ষেত্রে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, জে এস সি/ সমমানের ক্ষেত্রে ২০০০/- (দুই হাজার) টাকা এবং এইচ এস সি/সমমানের ক্ষেত্রে ৩০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হবে।

(৫) বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের প্রতি বছর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান) অধ্যয়নের অগ্রগতি সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক) দাখিল সাপেক্ষে পরবর্তী বছরের বৃত্তি প্রদান করা হবে।

(৬) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে ঃ

i) পিতা/মাতার প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদির (যেমনঃ পাসপোর্ট ও ভিসা এবং বিএমইটির বহির্গমন ছাড়পত্র/স্মার্ট কার্ড এর সত্যায়িত ফটোকপি/বিদেশে বৈধভাবে কর্মরত আছেন/ছিলেন মর্মে দূতাবাস/হাইকমিশন কর্তৃক প্রত্যয়ন পত্র ইত্যাদি) সত্যায়িত ফটোকপি;

ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে দূতাবাস কর্তৃক ইস্যুকৃত পত্র/NOC এবং মৃত্যু সনদ;

iii) ৬ষ্ঠ শ্রেণি/সমমান অথবা ৯ম শ্রেণি/সমমান অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত শিক্ষার্থীকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট থেকে অধ্যয়নরত রয়েছেন মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

iv) শিক্ষার্থীর ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);

v) পিএসসি/জেএসসি/এইচএসসি অথবা সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক/বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);

(৭) আবেদনপত্র সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে সংগ্রহ করা যাবে।

(৮) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ আগামী ২৯ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে (ডিইএমও) জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(৯) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদর দপ্তরে সরাসরি কোন আবেদন গ্রহণ করা হয় না। সরাসরি কোন আবেদন প্রেরণ করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

(১০) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১১) যে কোন তথ্যের জন্য জনাব মোঃ জাহিদ আনোয়ার, সহকারী পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (ফোন নম্বর-০২-৯৩৫৪২৮৩) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ নূরুজ্জামান)
উপসচিব
পরিচালক (আইআরপি)
ফোন-০২-৯৩৪৩২৪৭
d.irp@wewb.gov.bd

এই ফরম বিনামূল্যে বিতরণের জন্য

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ৪ (চার) কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন,রমনা, ঢাকা ।

(www.wewb.gov.bd)

পিএসসি/জেএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির আবেদন ফরম

১. আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম (স্পষ্ট অক্ষরে) ঃ বাংলায় ঃ..
ইংরেজি ঃ..
শ্রেণী ঃ.................................., রোল নম্বর ঃ..............................
বিভাগ/গ্রুপ ঃ ...., বর্ষ/সেমিস্টার ঃ..............................

২. পিতার নাম ঃ ....

৩. মাতার নাম ঃ ....

৪. অভিভাবকের নাম ও সম্পর্ক (পিতা/ মাতার অবর্তমানে) ঃ নাম ঃ..................................সম্পর্ক ঃ ....
সম্পর্ক ঃ ....

৫. জন্ম তারিখ ও বয়স ঃ তারিখ ঃ ..../.........../................., বয়স ঃ ....বছর

৬. অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন নম্বর ঃ ....
ফোনঃ..

৭. পিএসসি/জেএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ গ্রেড ঃ ....

৮. বর্তমান ঠিকানা ঃ ....
....
....

৯. স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/ মহল্লা ঃ................................., ডাকঘর ঃ ....
উপজেলা/থানা ঃ................................., জেলা ঃ ....

১০. টেলিফোন/ মোবাইল নম্বর ঃ টেলিফোন ঃ................................., মোবাইল ঃ ....

১১. প্রবাসী পিতা/মাতার তথ্যাদি ঃ

ক্র/নং	পাসপোর্ট নম্বর	দেশের নাম	কর্মস্থলের নাম- ঠিকানা	ফোন/ফ্যাক্স/ই-মেইল
১.				
২.				

সংযুক্তিঃ..........................

তারিখঃ............................

....
ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

(শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক পূরণ করতে হবে)

প্রত্যয়ন করা যাচ্ছে যে, (শিক্ষার্থীর নাম)ঃ ...., পিতা ঃ ...., মাতা ঃ..এ প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী । সে বর্তমানে .... শ্রেণী, রোল নম্বর ঃ ....বিভাগ/গ্রুপ ঃ ....অধ্যয়ন রয়েছে। আমার জানামতে সে উত্তম চরিত্রের অধিকারী এবং তার আচরন সন্তোষজনক ।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
....

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর
(নামযুক্ত সীলসহ)